সংবাদ

তারিখ 30 NOV 2006
পৃষ্ঠা ১২ কলাম ২

১৭

বাংলাদেশ মেডিকেল কলেজ

# শিক্ষকের বিরুদ্ধে নানা অভিযোগ : অবরোধ বিক্ষোভ, অনশন

নিজস্ব বার্তা পরিবেশক

নানা অভিযোগে এক শিক্ষকের অপসারণের দাবিতে রাজধানীর বাংলাদেশ মেডিকেল কলেজের ফিজিওথেরাপি বিভাগের

অনশন : পৃ: ২ ক: ১

## অনশন : বাংলাদেশ মেডিকেল

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষার্থীরা গতকাল কলেজের শিক্ষকদের অবরুদ্ধ করে রাখে। তারা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

পুলিশ ও ফিজিওথেরাপির ছাত্রছাত্রীরা জানান, ফিজিওথেরাপির বিভাগীয় প্রধান ডা. মনিরুজ্জামান ছাত্রীদের ডেকে নিয়ে কুপ্রস্তাব ও অশালীন কথা বলতেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগের ছাত্রী মনিষাকে ভর্তি করিয়েও ৮ মাস পর তার ভর্তি বাতিল করে দেয়া হয়। ওই শিক্ষক ব্যবহারিক পরীক্ষায় বেশি নম্বর দেয়ার প্রলোভন দেখিয়ে এক ছাত্রীকে কুপ্রস্তাব দেন। এ ছাড়া ডা. মনিরুজ্জামান একই সঙ্গে সরকারি ও বেসরকারি চাকরি করছেন। ডা. মনিরুজ্জামানের এসব কার্যকলাপের জন্য ফিজিওথেরাপির ছাত্রছাত্রীরা গত ৪ দিন ধরে আমরণ অনশন পালন করছে। আমরণ অনশন পালন করতে গিয়ে ৩ জন ছাত্র অসুস্থ হয়। গতকাল দুপুরে সঙ্কট নিরসনে কলেজের শিক্ষকরা বৈঠকে বসেন। দুপুর ১টার দিকে শিক্ষকরা অনশনরত ছাত্রছাত্রীদের জানান, তাদের দাবি মানা হবে না। এ কথা শোনামাত্র ছাত্রছাত্রীরা ক্ষিপ্ত হয়ে যায়। এসময় ছাত্রছাত্রীরা কলেজের ৩ শিক্ষককে আটক করে রাখে এবং বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। পরে কলেজের শিক্ষকরা আগামী ৪ ডিসেম্বর ডা. মনিরুজ্জামানের পদত্যাগের আশ্বাস দিলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।